ভোরের কাগজ

তারিখ 9 MAY 2003

রাজস্ব খাতে আত্তীকৃত না হওয়ায় বেতন হচ্ছে না

# শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৬৭৩ কর্মকর্তা-কর্মচারীর মানবেতর জীবন

আহাদ চৌধুরী তুহিন, ভোলা থেকে : অর্থ মন্ত্রণালয়ের একটি সিদ্ধান্তের অভাবে রাজস্ব খাতে আত্তীকৃত না হওয়ায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন পদে কর্মরত ৬৭৩ জন কর্মকর্তা ও কর্মচারীর পরিবার এখন মানবেতর জীবনযাপন করছেন।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের আওতায় ১৯৯৬ সাল পর্যন্ত এই ৬৭৩ জনকে বিভিন্ন পদে নিয়োগ দেওয়া হয়েছিল। এদের মধ্যে কেউ কেউ চাকরির মেয়াদ পূর্ণ করে অবসর নিয়েছেন। কিন্তু তাদের চাকরি রাজস্ব খাতে আত্তীকৃত না হওয়ায় বিদায় বেলা শূন্য হাতে বাড়ি ফিরেছেন। যারা কর্মরত আছেন তারাও নিয়মিত বেতনভাতা পাচ্ছেন না।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের এই ৬৭৩ জন কর্মকর্তা ও কর্মচারীকে রাজস্বখাতে আত্তীকরণের জন্য ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয় অনুমোদন দিয়েছে। এখন শুধু অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত হলেই সমস্যার সমাধান হবে। এছাড়া জাতীয় সংসদের বর্তমান ৪৭ জন সংসদ সদস্য ৬৭৩ কর্মকর্তা-কর্মচারীকে রাজস্বখাতে আত্তীকরণের জন্য অর্থমন্ত্রী বরাবরে ডিও লেটারও প্রদান করেছেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন নির্বাহী প্রকৌশলী জানান, সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী হিসেবে তাদের মাধ্যমেই কোটি কোটি টাকা ব্যয়ে দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ভবন নির্মাণ হয়। অথচ সরকারি কর্মকর্তা-কর্মচারী হওয়া সত্ত্বেও সরকারি সকল সুবিধা থেকে তারা বঞ্চিত।

অন্যাদকে এই ৬৭৩ কর্মকর্তা-কর্মচারীর চাকরি রাজস্বখাতে আত্তীকরণের দাবিতে গত ৬ মে থেকে এ দপ্তরে প্রতিদিন ১ ঘণ্টা কর্মবিরতি এবং অফিস প্রাঙ্গণে বিক্ষোভ কর্মসূচি চলছে।

কর্মকর্তারা জানান, এ কর্মসূচি ১৫ মে পর্যন্ত চলবে। এর মধ্যে যদি কর্তৃপক্ষ ব্যবস্থা না নেয় তাহলে সারা বাংলাদেশ থেকে এ সকল কর্মকর্তা-কর্মচারীকে ঢাকায় উপস্থিত করে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পরবর্তী সময়ে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্টরা প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।